"কিশোর কিশোরী ক্লাব স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ক্লাব ম্যানেজমেন্ট কমিটির ২য় (সিএমসি) সভার কার্যবিবরণী।

সভাপতিঃ ইয়াসমিন মনিরা
উপজেলা নির্বাহী অফিসার
মহেশপুর , ঝিনাইদহ।
সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ
সভার তারিখঃ ২৮/০৫/ ২০২৪ খ্রি.; সময়ঃ সকাল - ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের উপস্থিতির তালিকা পরিশিষ্ট " ক" তে দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোনরুপ পরিবর্তন ও পরিবর্ধন ছাড়াই সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো। অতঃপর সদস্যসচিব, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা প্রধান দপ্তরের স্মারক নং-৩২.০১.০০০০.০০৩.০৬.০৪১.২৩ (অংশ-১)-১১০৭; তারিখঃ ২২/০৪/২০২৪ খ্রি. পত্রটি সভায় পাঠ করে শোনান। সে অনুযায়ী ক্লাবওয়ারী নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| আলোচ্যসূচী -০১<br>ক্লাব কমিটির সভা আহবান সংক্রান্ত: | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় বৎসরে দুইবার ক্লাব ম্যানেজমেন্ট কমিটির সভা আহবানের বিষয়ে ঢাকা প্রধান কার্যালয়ের নির্দেশনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২৩-২৪ অর্থবছরের ১ম ও ২য় সভা সম্পন্ন হয়েছে। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।<br>২। ক্লাব কোঅর্ডিনেটর।<br>৩। ফিল্ড সুপারভাইজার। |
| আলোচ্য সূচী -০২<br>ক্লাব সদস্য নির্বাচন সংক্রান্ত: | জানুয়ারী-২০২৩ থেকে ডিসেম্বর-২০২৩ মেয়াদে ক্লাব প্রতি নতুন ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ সর্বমোট ৩০ জন ক্লাব সদস্য অর্ন্তভুক্তির জন্য আলোচনা করা হয়। | নির্ধারিত ক্লাব এলাকার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১০-১৯ বছর বয়সী মেধাবী, নের্তৃত্বদান ও সাংস্কৃতিক কার্যক্রমে আগ্রহী ছাত্র ছাত্রীদের অন্তর্ভুক্তি সম্পন্ন হয়েছে। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।<br>২। ক্লাব কোঅর্ডিনেটর।<br>৩। ফিল্ড সুপারভাইজার।<br>৪। জেন্ডার প্রমোটার। |
| আলোচ্য সূচী -০৩<br>ক্লাব কার্যক্রম পর্যালোচনা: | ক্লাব সদস্যদের প্রতি শুক্রবার সংগীত ক্লাস ও শনিবার আবৃতি ক্লাসসহ, বাল্য বিবাহ, ইভটিজিং, মাদক নির্মূল, আত্মহত্যা, যৌতুকের কুফল, জেন্ডার বৈষম্য দূরিকরণের উপর আলোচনা কর হয়। | **সিদ্ধান্ত-০১:** প্রতি শুক্রবার ও শনিবার বিকালে সিডিউল অনুযায়ী সময়ে সংগীত ও আবৃত্তি ক্লাস পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত-০২:** প্রতিটি ক্লাবে বাল্যবিবাহ, ইভটিজিং,মাদক নির্মূল, আত্মহত্যা, যৌতুকের কুফল,জেন্ডার বৈষম্য দূরিকরণসহ ২২ টি সামাজিক ব্যাধির উপরে আলোচনার জন্য সংগীত শিক্ষক, আবৃতি শিক্ষক ও জেন্ডার প্রমোটার কে নির্দেশ দেয়া হলো। তাছাড়া ফিল্ড সুপারভাইজার সামগ্রিক বিষয়ে তদারকি করবেন। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।<br>২। ক্লাব কোঅর্ডিনেটর।<br>৩। ফিল্ড সুপারভাইজার।<br>৪। জেন্ডার প্রমোটার। |

| | | | |
|---|---|---|---|
| আলোচ্য সূচী -০৪<br>ক্লাব কার্যক্রমের সমস্যা: | শুক্রবার শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় যথাসময়ে ক্লাব কক্ষের চাবি পাওয়া যায় না এবং প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণী কক্ষটি কিশোর- কিশোরী ক্লাব সদস্যদের ব্যবহারের বিষয়ে প্রকল্প পরিচালক মহোদয়ের নির্দেশনা রয়েছে মর্মে সভায় ব্যাপক আলোচনা হয়। | <u>সিদ্ধান্ত-০১:</u> যেহেতু ক্লাব সংশ্লিষ্ট প্রত্যেক বিদ্যালয়ের দপ্তরীবৃন্দ মাসিক সম্মানী ভাতা প্রাপ্ত হয় সেপ্রেক্ষিতে প্রধান শিক্ষকবৃন্দ দপ্তরীবৃন্দের মাধ্যমে ক্লাব কক্ষ খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।<br><u>সিদ্ধান্ত-০২:</u> প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণী কক্ষটিতে তিন ক্যাটাগরীর শিক্ষা কার্যক্রম পরিচালিত হয় বিধায়, কক্ষটি ক্লাবের জন্য ব্যবহার না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।<br>২। ক্লাব কোঅর্ডিনেটর।<br>৩। ফিল্ড সুপারভাইজার।<br>৪। জেন্ডার প্রমোটার। |
| আলোচ্য সূচী -০৫<br>ম্যাসেঞ্জার/ হোয়াটসঅ্যাপ গ্রুপ সংক্রান্ত | মহিলা বিষয়ক অধিদপ্তর ,ঢাকা প্রধান দপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রকল্প পরিচালক কিশোর-কিশোরী ক্লাব, মবিঅ, ঢাকা, উপপরিচালক জেলা দপ্তর, ঝিনাইদহ, উপজেলা নির্বাহী অফিসার,মহেশপুর,ঝিনাইদহ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহেশপুর, ঝিনাইদহ প্রতি শুক্রবার ও শনিবার সিডিউল অনুযায়ী ক্লাস চলাকালীন সময়ে গ্রুপে সংযুক্ত হওয়ার বিষয়ে ব্যাপক আলাচনা হয়। | <u>সিদ্ধান্ত-০১:</u> ক্লাব কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মহেশপুর উপজেলার অধিনে কিশোর-কিশোর ক্লাবের জন্য ম্যাসেঞ্জার/হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><u>সিদ্ধান্ত-০২:</u> ফিল্ড সুপারভাইজর, জেন্ডার প্রোমোটার, সংগীত শিক্ষক, আবৃত্তি শিক্ষক বৃন্দকে প্রতি শুক্রবার ও শনিবার ক্লাব সদস্যদের উপস্থিতি /অনুপস্থিতির সংখ্যা সহ ক্রয়কৃত পুষ্টিকর নাস্তার স্থির চিত্র গ্রুপে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। ক্লাব কোঅর্ডিনেটর।<br>২। ফিল্ড সুপারভাইজার।<br>৩। জেন্ডার প্রমোটার। |
| আলোচ্য সূচী-০৬<br>বিবিধ | ক্লাব পরিচালনা সংক্রান্ত কার্যক্রমের উপর আলোচনা করা হয়। | <u>সিদ্ধান্ত-০১:</u> সংশ্লিষ্ট ক্লাব কো-অর্ডিনেটরবৃন্দকে ক্লাব পরিদর্শনকালে পরিদর্শন বহি স্বাক্ষর করা জন্য অনুরোধ করা হলো। পরিদর্শন বহি স্বাক্ষর ব্যতিত সরকার কর্তৃক প্রদত্ত সম্মানী ভাতা প্রদান করা হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><u>সিদ্ধান্ত-০২:</u> ক্লাব পরিচালনার ক্ষেত্রে ক্লাব সংশ্লিষ্ট জেন্ডার প্রমোটার, সংগীত শিক্ষক, ও আবৃত্তি শিক্ষকবৃন্দ সংশ্লিষ্ট ক্লাব কো-অর্ডিনেটরবৃন্দের সহিত আলোচনা পূর্বক তাদের মাসিক ও অগ্রিম কর্মসূচীর প্রতিবেদন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তরে জমা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><u>সিদ্ধান্ত-০৩:</u> নাস্তা বাবদ বরাদ্দকৃত অর্থ ফিল্ড সুপারভাইজার, ক্লাব কো-অর্ডিনেটর, জেন্ডার প্রমোটার, সংগীত ও আবৃত্তি শিক্ষকের সমন্বয়ে পুষ্টিকর ও স্বাস্থ্যসম্মত খাবার ক্রয় পূর্বক বিতরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।<br>২। ক্লাব কোঅর্ডিনেটর।<br>৩। ফিল্ড সুপারভাইজার।<br>৪। জেন্ডার প্রমোটার। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯।০৫।২০২৪

(ইয়াসমিন মনিরা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
কিশোর-কিশোরী ক্লাব (সিএমসি) কমিটি
মহেশপুর, ঝিনাইদহ।